তারিখ 08 DEC 2005
পৃষ্ঠা ৯ কলাম ৬

ইত্তেফাক

# ভিসির অনিয়ম ও গণ নিয়োগের অভিযোগ ইবিতে শিক্ষকদের অবস্থান ধর্মঘট

॥ ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥

ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভিসির বিভিন্ন দুর্নীতি, অনিয়ম ও গণনিয়োগের প্রতিবাদে বিশ্ববিদ্যালয়ের আওয়ামী ও প্রগতিশীল শিক্ষক সংগঠন "বঙ্গবন্ধু পরিষদ" ও "শাপলা ফোরাম" তাদের পূর্বঘোষিত কর্মসূচী অনুযায়ী মঙ্গলবার প্রশাসন ভবনের সামনে অবস্থান ধর্মঘট পালন করে। সকাল ১০টা থেকে ১২টা পর্যন্ত ২ ঘন্টার অবস্থান ধর্মঘটে ছাত্ররাও অংশ নেয়। ধর্মঘট শেষে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন বঙ্গবন্ধু পরিষদের সভাপতি প্রফেসর এম আলাউদ্দিন, প্রফেসর আব্দুস সাত্তার, প্রফেসর শাহিনুর রহমান, প্রফেসর এম মনিরুজ্জামান প্রমুখ।